

সম্প্রতি বাংলাদেশের কৃষি পণ্যের রপ্তানি

১ বিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করেছে

কৃষিপণ্যের রপ্তানিকে বহুগুণ বৃদ্ধি করতে ক্ষেত্রিক ফার্মিং নতুন সম্ভাবনার দুয়ার উন্মোচনের অন্য কোশল

2016-2017 2018-2019 2020-2021

ক্ষেত্রিক ফার্মিং: একটি প্রক্রিয়া যেখানে রপ্তানিকারক ও কৃষকের মাঝে চুক্তির ভিত্তিতে কৃষক নির্ধারিত পদ্ধতি অনুসরণ করে কৃষিপণ্য উৎপন্ন করে থাকে।



ক্ষেত্রিক ফার্মিং-এর বর্তমান নিয়মগুলো:

আন্তর্জাতিক বাজারভেদে কৃষিপণ্য রপ্তানির ক্ষেত্রে চাষাবাদ থেকে শুরু করে ভোক্তার কাছে পৌছানো পর্যন্ত পূর্বনির্ধারিত কিছু নিয়ম ও মানদণ্ড মেনে চলতে হয়।


১০. পণ্য পর্যবেক্ষণ ও প্রয়োজনে ল্যাবরেটরি পরীক্ষার পর যথাযথ মানসম্পন্ন হলে উক্তিদি সংগন্ধিরোধ উইং থেকে ফাইটেস্যানিটারি সার্টিফিকেট হিস্যু করা হয় এবং পণ্য রপ্তানির জন্য প্রস্তুত হয়।

০৯. উৎপাদিত পণ্য রপ্তানির পূর্বে রপ্তানিকারক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উক্তি সংগন্ধিরোধ উইং-এ ফাইটেস্যানিটারি সার্টিফিকেটের জন্য আবেদন করবেন।

০৮. নির্ধারিত মানদণ্ড মেনে পণ্য উৎপাদন করা হচ্ছে মর্মে সংশ্লিষ্ট উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয় থেকে রপ্তানিকারক সনদ গ্রহণ করবেন।

০৭. রপ্তানিকারক চুক্তিভুক্ত কৃষকের নিকট থেকে সংগ্রহীত পণ্য রপ্তানির পূর্বে উক্তি সংগন্ধিরোধ উইং থেকে হাটিকালচারাল প্রোডাক্টস এক্সপ্লোর্টার রেজিস্ট্রেশন সার্টিফিকেট সংগ্রহ করবেন।

০৬. পণ্য উৎপাদনকালে উপজেলা কৃষি কর্মকর্তাগণ রেকর্ড বুকের তথ্যাদি পর্যবেক্ষণ করে পণ্য উৎপাদনের শর্তাবলী মেনে চলার বিষয়ে কৃষককে পরামর্শ প্রদান করবে।



ক্ষেত্রিক ফার্মিং-এর নিয়মগুলো

০১. রপ্তানিকারক সংশ্লিষ্ট কৃষিপণ্য বিষয়ক সমিতির সদস্য হয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে নিবন্ধিত কৃষকের তালিকা সংগ্রহ করবেন।

০২. নির্বাচিত কৃষকের সাথে আলোচনার পর রপ্তানিকারক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপস্থিতিতে পণ্য উৎপাদন চুক্তি স্বাক্ষর করবেন।

০৩. রপ্তানিকারক স্বাক্ষরিত চুক্তির অনুলিপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উক্তি সংগন্ধিরোধ উইং এ জমা দিবেন।

০৪. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উক্তি সংগন্ধিরোধ উইং উৎপাদন চুক্তির তথ্যসমূহ পরবর্তী নিরীক্ষার জন্য যাচাই করবে।

০৫. পণ্য উৎপাদন সংশ্লিষ্ট তথ্যাদি সংরক্ষণের জন্য উক্তি সংগন্ধিরোধ উইং এর পক্ষ থেকে কৃষককে রেকর্ড বুক হস্তান্তর করে এর ব্যবহার পদ্ধতি বুবিয়ে দেয়া হয়।

ক্ষেত্রিক ফার্মিং-এর সুবিধাসমূহ



কৃষক তার উৎপাদিত পণ্য ন্যায্য মূল্যে বাজারজাতকরণের নিশ্চয়তা পায়।



কৃষিজাত পণ্যের রপ্তানিকারক পায় আন্তর্জাতিক বাজারের চাহিদা অনুযায়ী নির্ধারিত মান বজায় রেখে পণ্য সরবরাহের নিশ্চয়তা।



ক্ষেত্রিক ফার্মিং এর মাধ্যমে আন্তর্জাতিকভাবে স্বীকৃত সকল ধরনের উত্তম কৃষি চর্চা প্রয়োগ করা সম্ভব হয়।